


“ছেলে হোক, মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
হবিগঞ্জ।

পরিদর্শন প্রতিবেদন

- ১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ পরিদর্শন।
- ২। পরিদর্শনের তারিখ ও সময় : ২৭.৮.২০২৩ খ্রিঃ বেলা ০১.০০ ঘটিকা।
- ৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়।
- ৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : প্রতিষ্ঠানটিতে ১জন উপপরিচালক, ১জন সহকারী পরিচালক (সিসি), ১জন পরিসংখ্যান সহকারী, ২জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১জন অফিস সহায়ক ও ১জন পরিচ্ছন্নতা কর্মী কর্মরত রয়েছেন। জেলাধীন মা ও শিশু কল্যাণ কেন্দ্রের এমও (ক্লিনিক), সকল উপজেলার পরিবার পরিকল্পনা কর্মকর্তা, এমও (এমসিএইচ-এফপি), সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।
- ৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনের সময়ে সকলেই উপস্থিত ছিলেন।
- ৬। **Stackholder** এর মতামত/পরামর্শ : প্রযোজ্য নয়।
- ৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ : প্রযোজ্য নয়।
- ৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : উক্ত কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতা ভাল।
- ৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : উক্ত কার্যালয়ের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা ভাল।
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : যথাযথ।
- ১১। কোন সমস্যা/চাহিদা : জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় চত্তরের রাস্তা পাকাকরণ এবং পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ আবশ্যিক। এইচইডি এর মাধ্যমে প্রস্তুতবাধীন।
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) : • স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের প্রতিনিধি হিসাবে মতবিনিময় সভায় সকল কর্মকর্তাকে মাননীয় সচিব মহোদয়ের নির্দেশনা প্রদান করা হয়। • সকল কর্মকর্তাকে নিয়মিত যথাসময়ে অফিসে উপস্থিতি, কর্মস্থলে অবস্থান, সততা নিষ্ঠা ও দায়িত্বশীলতার সাথে কার্যক্রম পরিচালনা করা, যথাযথ রেকর্ড সংরক্ষণ ও রিপোর্টিং, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন, মাসিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মাঠ পর্যায়ের কার্যক্রমের মনিটরিং ও সহায়ক সুপারভিশনসহ বিভিন্ন দিকনির্দেশনা দেয়া হয়। • মাঠ পর্যায়ের কর্মরত কর্মচারীদের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে কেন্দ্র/কর্ম এলাকায় স্থায়ী বসবাসের মাধ্যমে জনবান্ধব মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন পূর্বক টেকসই উন্নয়নের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ নির্মাণে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার নির্দেশ দেয়া হয়। • এছাড়া প্রতিটি সেবা কেন্দ্রে প্রতিবন্ধী সেবা গ্রহীতাদের জন্য একটি নির্ধারিত চেয়ার এবং গর্ভবতী মা, শিশু ও বয়স্ক সেবা গ্রহীতাদের জন্য পৃথক বসার ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়। বিভাগীয় নির্দেশনার পাশাপাশি অন্যান্য রাষ্ট্রীয় দায়িত্ব পালনে সকলকে সর্বদা আন্তরিকতার সাথে সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়।

অ.পূ.দ্র.



*আশরাফী আহমদ*  
২০/১/২০২৩

ডা. আশরাফী আহমদ, এন.ডিসি  
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।